

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৮৪

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০

১৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ-এ দায়েরকৃত (রিট পিটিশন নং-১৪৯৮৯/২০২৩, ১৩৭১৭/২০২৩, ১৬১৯১/২০২৩ এবং ১৫৮৩৩/২০২৩) মামলা পরিচালনা।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদন/সাময়িক বরখাস্ত আদেশ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/১ম বার এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	মামলা পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়			
১	১৪৯৮৯/২০২৩	জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন 'চাঁদপুর উচ্চ বিদ্যালয়' এর ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব দেওয়ান মো: রবিউল আওয়াল, পিতা: তমিজ উদ্দিন, মাতা: আয়েশা বেওয়া, গ্রাম: রামনগর, ডাক: চাঁদপুর-৫৯০০, থানা- জয়পুরহাট সদর, জেলা: জয়পুরহাট।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীসহ মোট ১০ (দশ) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
২	১৩৭১৭/২০২৩	জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন 'জামুড়া বাসুড়া দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়' এর ম্যানেজিং কমিটি অনুমোদন সংক্রান্ত।	জনাব মো: আনোয়ার হোসেন, ভোটার (অভিভাবক ক্যাটাগরি), ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৩, জামুড়া বাসুড়া দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়, কালাই, জয়পুরহাট।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

৩	১৬১৯১/২০২৩	১ম বার এডহক কমিটি গঠনের অনুমতি সংক্রান্ত।	মোছা: মোস্তারী ফেরদৌস, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সুলতানপুর বালিকা উচ্চ বিদ্যালয়, সদর, নওগাঁ।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৪	১৫৮৩৩/২০২৩	জনাব মো: খারিদ হোসেন, প্রধান শিক্ষক, ছাতনী দিয়ার নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সদর, নাটোর-কে বিদ্যালয় পরিচালনা কমিটি কর্তৃক সাময়িক বরখাস্ত আদেশ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	জনাব মো: খারিদ হোসেন, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), ছাতনী দিয়ার নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সদর, নাটোর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীসহ মোট ০৮ (আট) জন।	চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৪৯৮৯/২০২৩, ১৩৭১৭/২০২৩, ১৬১৯১/২০২৩ এবং ১৫৮৩৩/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাসমূহ ডাটাবেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৫-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২২.৮৪/১(৩)

তারিখ: ২ ফাল্গুন ১৪৩০

১৫ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-২-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব